সংবাদ

তারিখ 15 AUG 2017
পৃষ্ঠা ২ কলাম ৭

# বন্যার কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা স্থগিত

নিজস্ব বার্তা পরিবেশক

বন্যার কারণে আগামী ১৬ ও ১৭ আগস্ট অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্সের (পুরাতন সিলেবাস) পরীক্ষা স্থগিত করা হয়েছে। দেশের বন্যা পরিস্থিতির অবনতির কারণে ওই দুই দিনের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে বলে গতকাল বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, স্থগিত এ পরীক্ষার সময়সূচি পরে জানানো হবে। অন্যান্য পরীক্ষাগুলোর তারিখ ও সময়সূচি অপরিবর্তিত থাকবে।